## নেত্রকোণা সদর উপজেলা পরিষদের আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৪.০৮.২০২৩
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫১

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবররণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

<table>
<tr><th>ক্র নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>১</td>
<td>প্রকৌশল বিভাগ</td>
<td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তির ২৬,০৭,০০০.০০ (ছাব্বিশ লক্ষ সাত হাজার টাকা) বরাদ্দ পাওয়া গেছে। তিনি এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প দ্রুত প্রকল্প নির্বাচন করার জন্য উপজেলা পরিষদ ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>তিনি আরো জানান উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ জরাজীর্ণ হয়ে পড়েছে। উপজেলা পরিষদের ‘ চৈতি ভবন’ মেরামতের জন্য ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা এবং ‘কংশ ভবন’ মেরামতের জন্য ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা মোট ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।তিনি আবাসিক ভবন মেরামতের প্রস্তুতকৃত প্রাক্কলন সভায় অনুমোদনপূর্বক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণায়লয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>তিনি ইউনিয়নের যে সকল রাস্তার এখনও আইডিভুক্ত করার উপযোগী আছে সে সকল রাস্তা আইডিভুক্ত করার লক্ষ্যে দ্রুত তালিকা প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>তিনি আরো জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়নের জন্য ৪০,০০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতিত) বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ সীমার মধ্যে ব্যয় রেখে বাছাই কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প “ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু নিচু বেঞ্চ সরবরাহের” জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়।
<table>
<tr><th>উপপ্রকল্পের নাম</th><th>প্রস্তাবিত বাজেট</th><th>ভ্যাট</th><th>আয়কর</th><th>সর্বমোট ভ্যাট ও আয়করসহ</th></tr>
<tr><td>উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু নিচু বেঞ্চ সরবরাহ</td><td>৩৯,৯৩,৮১০/-</td><td>৭,৩০,৫৭৫/-</td><td>১,৪৬,১১৫/-</td><td>৪৮,৭০,৫০০/-</td></tr>
</table>
উক্ত প্রকল্পটি উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের সুপারিশ করে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানান।</td>
<td>(ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প দ্রুত নির্বাচন করতে হবে।<br><br>(খ) উপজেলা পরিষদের ‘ চৈতি ভবন’ মেরামতের জন্য ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা এবং ‘কংশ ভবন’ মেরামতের জন্য ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা মোট ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) আইডিভুক্ত করার লক্ষ্যে দ্রুত রাস্তার তালিকা প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়নের জন্য উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু নিচু বেঞ্চ সরবরাহ জন্য ভ্যাট ও আয়কর সহ মোট ৪৮,৭০,৫০০/- টাকা অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল।<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>২.</td>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। তাছাড়া উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td>
<td>(ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর,</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানিজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুম রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৭৩০ হে: উফশী-১৮০১০ হে: স্থানীয়-৪১০ হে: মোট ১৯১৫০ হে:। রোপাআমন আবাদ অর্জিত হাইব্রিড ৮০০ হে: ও উফশী ১৭৭০০ হে: স্থানীয় ১১৫ হে: মোট ১৮৬১৫ হেক্টর আবাদ হয়েছে। রোপা আমন ধানের বর্তমান অবস্থা ভাল। উপসহকারী কৃষি অফিসারগণ বিভিন্ন ফসলের সারের পরিমিত ব্যবহার, পোকা মাকড় ও রোগবালাই দমনের প্রয়োজীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। গত ২৩/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ইউরিয়া-৮৭১ মে. টন, টিএসপি-১০৭ মে. টন, এমওপি-১২৯ মে. টন ও ডিওপি-৩৬৮ মে.টন মজুদ আছে। তাছাড়া তিনি আরো জানান কৃষি জমি সংরক্ষণের লক্ষ্যে কৃষি জমিতে পুকুর খনন রোধ করতে প্রচলিত, আইন, বিধি ও নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তাছাড়া তিনি জানান ইউনিয়ন পর্যায়ে সার ডিলারের ঘাটতি রয়েছে। সার ডিলার নিয়োগ দান করা জরুরী। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সকল সার ডিলারের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) আগামী মাস হতে ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৮২৮ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৫২৫০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৪৫৬ টি, হাসঁমুরগীর চিকিৎসা-১৮২৪২ টি এবং কৃত্রিম প্রজনন- ৯৫৮ টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় বরাদ্দ পাওয়া গেছে এবং বিভাজন করে ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। বিভাজন মোতাবেক দ্রুত প্রকল্প প্রেরণ করার জন্য অনুরোধ জানান। এ উপজেলায় ৫২টি বীর নিবাসের কাজ চলমান | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>রয়েছে। তাছাড়া কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ দ্রুত শুরু করা হবে।</td><td>(খ) কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ দ্রুত শুরু এবং নির্ধারিত তারিখের মধ্যে শেষ করতে হবে।</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>৬.</td><td>মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান উপজেলার বিভিন্ন পুকুর, বিল ও নদীতে মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তিনি জানান তার অফিসের দুইটি কক্ষ মেরামত করা প্রয়োজন। তিনি আরো জানান দুস্কৃতিকারীরা নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার করে মাছের বংশবৃদ্ধি হুমকীর মুখে ফেলছে।</td><td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ)নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে সচেনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা</td></tr>
<tr><td>৭.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ
<table>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>জনসংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা</td><td>ইমপ্ল্যান্ট মোট সংখ্যা</td></tr>
<tr><td>৩৮০</td><td>৯০০</td><td>৬০</td><td>১৮০</td><td>৪০৫০</td></tr>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সেবা গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table></td><td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>৮.</td><td>সমাজ সেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা জানান আগামী ১০/০৯/২০২৩ তারিখের মধ্যে বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা অনলাইনে আবেদন করা যাবে। এ বিষয়ে প্রচার-প্রচারণা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হব।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিভিন্ন ভাতাভোগী মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থাপন করতে হবে।<br>(ঘ) বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত অনলাইনে আবেদনের বিষয়টি বহুল প্রচার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজ সেবা অফিসার সদর নেত্রকোণা চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৯.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান বিডব্লিউবি কার্যক্রম চলমান রয়েছে তাছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) বিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br><br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কর্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে জনস্বার্থে নলকূপ স্থাপনের জন্য তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানান। ।</td><td>জনস্বার্থে নলকূপ স্থাপনের জন্য নলকূপের তালিকা দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৬৮৬৩জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.১৭লক্ষ</td><td>৯১.১৪ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৩০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৮.০০ লক্ষ</td><td>১৯৫৫.৬৩ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৪.০৬ লক্ষ</td><td>১৫৬৪.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>৭টি</td><td>৪৮ টি</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর,</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৩৫ টি সমবায় সমিতির মধ্যে ১৩৫ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। অডিট সম্পাদনের হার ১০০%। ২০২১-২০২২ সনে ৪৬,১৪০/-টাকা ভ্যাটসহ অডিট ফি ধার্য করা হয়েছে। আদায় করা হয়েছে ৪৬১৪০/-। আদায়ের হার ১০০%। ২০২১-২০২২ সনে সমবায় তহবিল ধার্য্য করা হয় ২১,৬০৮/-টাকা তারমধ্যে আদায় হয়েছে ২১,৬০৮ টাকা। আদায়ের হার ১০০%। হাতকুন্ডলী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ২৩,৩৮,০০০/- টাকা। এ মাসে আদায় ৪২০০/-টাকা। মোট আদায় ১৪,৩৭,০৩৩/-টাকা। আদায়ের হার ৬৬%। মালনী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ১৪,০৬,৫০০/-টাকা। এ মাসে আদায় ৪২৫০/-টাকা। মোট আদায় ১১,৫৬,৩৫০/-টাকা। আদায়ের হার ৮৯%। ২০২২-২০২৩ অর্থ বছরে এ উপজেলায় হতে কুমিল্লা ও ময়মনসিংহ প্রশিক্ষণ কেন্দ্রে ১৬ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, টিসিবি পণ্যের সাথে সরকার নির্ধারিতমূল্যে ০৫ কেজি করে চাল দেয়া হচ্ছে। তাছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বর্তমান কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান জুলাই/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>২,৮৮,৯৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৮,৪০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২৩,৪৪,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২২,৬৬,২০৭৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৬%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>২,১৮,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>২,১৪,৫৭৫/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৭,৭৭,৪৩৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>৯১,৯৫০/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>৪৯,০৩০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>২৫,৬৪৫/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৫৫ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৩৭ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২২৮ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>-</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৭৯৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>০৭ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৩৯ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, পুরাতন উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মোবাইল নম্বর, ব্যাংক একাউন্ট সংশোধন, ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৩ আয়োজন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং জেলা শিক্ষা অফিসে প্রেরণ, বন্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়ছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td><td>(ক) প্রতি মাসে ১০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

<table>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, বিবিএস কর্তৃক চলমান প্রকল্প এসভিআরএস এর আওতায় নেত্রকোণা সদর উপজেলায় মোট ০৪টি পিএসইউ এর তথ্য সংগ্রহ কাজ প্রশিক্ষিত মহিলা রেজিস্টারদের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। পরিসংখ্যান অফিসার কর্তৃক উক্ত তথ্য সংগ্রহ কাজ নিবীরভাবে তদারকি করা হয়েছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন জুলাই ২০২৩ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><td>কার্যক্রমের নাম</td><td>বিতরণের পরিমান</td><td>আদায় যোগ্য</td><td>আদায়</td><td>আদায়ের হার</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>২১৫৫০০০</td><td>২৯,৪৩,৬৩০</td><td>২৮৯৭৩৬৩</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১১৩০০০০</td><td>১৯২৫০০০</td><td>১৮৭৫৩৪৪</td><td>৯৭%</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>৩০,০০০০</td><td>১৯২৪০৩৯</td><td>১৭৯৫৪৯০</td><td>৯৩%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>২৬,০০,০০০</td><td>০</td><td>০</td><td>১০০%</td></tr>
</table></td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উর্দ্ধতন উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৬০১৬ জন, চলতি সঞ্চয় জমা ১.৯৪ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৪০.৭৩ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২২০৮৮ জন, মাসে ঋণ বিতরণ ৪৫.৯১ লক্ষ টাকা, চলতি মাসে ঋণের কিস্তি আদায় ৫৮.৩৯ লক্ষ টাকা, মোট আদায়-৩৩৬৮.৮১ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। মোট তহবিল ৫৫৯৩.২৪ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। ডেঙ্গু মশা প্রতিরোধে বাসা-বাড়ী ও প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ জানান। জুলাই-২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><td colspan="11">বাস্তবায়ন/অর্জন</td></tr>
<tr><td>বিসিজ</td><td colspan="3">পেন্টাভ্যালেন্ট</td><td colspan="3">পিসিভ</td><td colspan="4">ওপিডি</td></tr>
<tr><td>৫৪৬</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য</td><td>৩য়</td><td>ভি-এ</td></tr>
<tr><td></td><td>৫৩১</td><td>৫৯০</td><td>৫৪৩</td><td>৭১৬</td><td>৭১৯</td><td>৬৭৬</td><td>৫৩১</td><td>৫৯০</td><td>৫৪৩</td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">এফআইপিভি</td><td>১ম</td><td>২য়</td><td>১ম</td><td>২য়</td><td></td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">টিটি টিকা</td><td>৫৩১</td><td>৫৪৩</td><td>৭৭৪</td><td>৭৫৫</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td></td></tr>
<tr><td></td><td>৭৬</td><td>৬১</td><td>৩৮</td><td>৪৬</td><td>৫৮</td><td>২৩৬</td><td>২৭৫</td><td>৩১৪</td><td>৩৬৭</td><td>৪০৪</td><td></td></tr>
</table></td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৫টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৭.২০২৩ তারিখ হতে ৩১.০৭.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৫,১৭,৫৩৫/- টাকা এবং ব্যয় ১৪,৪১,১৯৬/- টাকা। ব্যাংক স্থিতি ৪,০৬,৪৪,১১৩/- টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| | বিবিধ | (ক) উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন বিল, পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ০৫ আগস্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মদিন, ০৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর জন্মবার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের শ্রদ্ধাঞ্জলি ফুলের তোরা ও ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ১৭-১৯ সেপ্টেম্বর স্থানীয় সরকার দিবস উদযাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলো অফিসের জন্য এসি ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) সর্বজনীন পেশন স্কীম বিষয়ক অবহিতর করণ সভা আয়োজন ও ব্যানার প্রস্তুতের ব্যয় উপজেলা রাজস্ব তহিবল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদের হলরুমের সাউন্ড সিস্টেম মেরামত ও উপজেলা পরিষদের অভ্যন্তরের নিরাপত্তায় সিসি ক্যামেরা স্থাপন ও মেরামতের বিল উপজেলা রাজস্ব তহিবল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |

বিবিধ-১ : ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জানান ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ পদ শূন্য আছে। তাই দৈনন্দিন কাজ করতে সমস্যা হচ্ছে। তাই ইউনিয়ন পরিষদ সমূহে শূন্য পদে দফাদার পদে পদোন্নতি ও মহল্লাদার নিয়োগ প্রদান করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ইউনিয়ন পরিষদ সমূহে শূন্য পদে দফাদার পদে পদোন্নতি ও মহল্লাদারপদে বিধি মোতাবেক নিয়োগ প্রদান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৮/২৩

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৭২৪/১

তারিখ :- ২৪ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা..........................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা

২৪/৮/২৩

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner